

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৫.০৯৯.০৮৯.২০১৭-৮১৩

তারিখঃ ২২/১১/২০১৭ খ্রিঃ

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্য ওয়ার্ল্ড” এর অন্তর্ভুক্তির মাধ্যমে “বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের” স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে সারাদেশে ২৫/১১/২০১৭ তারিখে “আনন্দ শোভাযাত্রা” এর মাধ্যমে উদযাপন উপলক্ষে সুপেয় পানি সরবরাহ প্রসংগে।

সূত্র : ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০১২.২০১৫-২০১৫/১(৭), তারিখঃ ২১/১১/২০১৭ খ্রিঃ


সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্য ওয়ার্ল্ড” এর অন্তর্ভুক্তির মাধ্যমে “বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের” স্বীকৃতি লাভ করায় এ অর্জনকে যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে আগামী ২৫ নভেম্বর ২০১৭ তারিখ দুপুর ২.০০ ঘটিকায় কাকরাইলসহ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) এর চক্র হতে আনন্দ শোভাযাত্রা শুরু হয়ে সোহরাওয়ার্দী উদ্যানে এসে ৩.০০ ঘটিকায় শেষ হবে। শোভাযাত্রা সমাপনান্তে সোহরাওয়ার্দী উদ্যানে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং আলোচনা সভা অনুষ্ঠিত হবে। আনন্দ শোভাযাত্রায় স্থানীয় সরকার বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণসহ সর্বস্তরের জনগণ অংশগ্রহণ করবে।

এমতাবস্থায়, উক্ত শোভাযাত্রা শুরুর স্থান জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) এর চক্র এবং অনুষ্ঠানসহ সোহরাওয়ার্দী উদ্যানে সুপেয় পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী

সংযুক্তিঃ বর্ণনামতে ৪ (চার) ফর্দ।

ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা, ঢাকা।


(ড. কে এম কামরুজ্জামান সেলিম)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৭০
watersupply_02@yahoo.com

অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে)

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৩। উপসচিব, প্রশাসন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।